

ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ, বাংলাদেশ (ইএসসিবি)

আইইবি সদর দফতর, রমনা, ঢাকা-১০০০

স্মারক নং- ইএসসিবি/সিসি/পিইউ/২০২৫/১২২

তারিখঃ ২৪/১১/২০২৫

নিলাম আহ্বান (মিনি বাস) বিজ্ঞপ্তি

ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ, বাংলাদেশ (ইএসসিবি) এর নিম্ন লিখিত মিনি বাসটি বিক্রয়ের জন্য নিলাম আহ্বান করা যাচ্ছে।

বিবরণ	বাস সরাসরি পরিদর্শনের সময়ঃ	দরপত্র/ কোটেশন জমার তারিখ ও সময়	দরপত্র/ কোটেশন উন্মুক্তের তারিখ ও সময়
পুরাতন ৪১ সিটের মিনি বাস ইএসসিবি, মেইন ক্যাম্পাসে যে অবস্থায় আছে, সে অবস্থায় নিলাম করা হবে। গাড়ির নম্বরঃ ঢাকা মেট্রো স- ১১-০০৯৩, ইঞ্জিন নং- SLNGFT97039, চ্যাসিস নং- TFZGL4GMO104346।	তারিখঃ ২৫/১১/২০২৫ থেকে ১০/১২/২০২৫ সময়ঃ সকাল ৯টা থেকে বিকেল ৪টা।	২৫/১১/২০২৫ (৯টা-৪টা) থেকে ১১/১২/২০২৫ সকাল ১০.০০ টা।	তারিখঃ ১১/১২/২০২৫ সময়ঃ বিকেল ৩টা। স্থানঃ 'মিনি কনফারেন্স রুম (২য় তলা)', একাডেমিক বিল্ডিং, ইএসসিবি, চর বাউশিয়া, গজারিয়া, মুন্সিগঞ্জ।

(ক) বাসটির বর্তমান অবস্থানঃ ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ, বাংলাদেশ (ইএসসিবি) এর ক্যাম্পাস, চরবাউশিয়া, গজারিয়া, মুন্সিগঞ্জ।

(খ) দরপত্র কোটেশন জমা দেয়ার স্থানঃ

(১) ট্রেনিং এন্ড লজিস্টিক অফিসার, ইএসসিবি, মেইন ক্যাম্পাস, চরবাউশিয়া, গজারিয়া, মুন্সিগঞ্জ (০১৭১৭-৪৯৬০৩০)। অথবা

(২) ডেপুটি ট্রেনিং অফিসার, ইএসসিবি, সিটি ক্যাম্পাস, আইইবি, সদর দপ্তর, রমনা, ঢাকা (০১৭১৭-৬৬০৬২০)।

(গ) শর্তাবলীঃ (নিলাম ডাক সকলের জন্য উন্মুক্ত।)

১। ধাপ-১ (সরেজমিনে পরিদর্শন): ২৫/১১/২০২৫ থেকে ১০/১২/২০২৫ তারিখ পর্যন্ত, সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত, সকলের জন্য সরেজমিনে বাসটি পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকবে।

২। ধাপ-২ (দর/ কোটেশন জমা): ২৫/১১/২০২৫ (৯টা - ৪টা) থেকে ১১/১২/২০২৫ সকাল ১০.০০ টা পর্যন্ত মুখ বদ্ধ খামে উপরের 'খ'- তে উল্লেখিত যেকোন একটি স্থানে দরপত্র/ কোটেশন জমা দেয়া যাবে। প্রতিষ্ঠানের প্যাডে বা সাদা কাগজে- (১) ক্রেতার নাম, (২) ঠিকানা, (৩) মোবাইল নম্বর সহ (৪) NID কপি (৫) নগদ ৫০০০/- (সম্পূর্ণ ফেরত যোগ্য) টাকা ও (৬) দর/ মূল্য লিখতে হবে।

৩। ধাপ-৩ (দরপত্র উন্মুক্তকরণ): ১১/১২/২০২৫ তারিখ বিকেল ৩টায়, 'মিনি কনফারেন্স রুম', একাডেমিক বিল্ডিং (২য় তলা), ইএসসিবি, চর বাউশিয়া, গজারিয়া, মুন্সিগঞ্জ এ নিলাম অংশগ্রহনকারী কোটেশনদাতাদের বা তাদের প্রতিনিধিদের যারা উপস্থিত থাকবে তাদের উপস্থিতিতে দরপত্র/ কোটেশন উন্মুক্ত করা হবে। অংশগ্রহনকারী অথবা তার প্রতিনিধিকে এই সময়ে উপস্থিতি থাকার জন্য উৎসাহিত করা হচ্ছে।

৪। ধাপ-৪ (সর্বোচ্চ দরদাতা): প্রথম সর্বোচ্চ তিন জন দরদাতা ছাড়া বাকি সবাইকে সেই দিনই (১১/১২/২০২৫) পূর্বে জমাকৃত ৫০০০/- টাকা নিলাম/ কোটেশন উন্মুক্ত করার শেষে তাৎক্ষণিক ফেরত দেয়া হবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক দর অনুমোদনের পর সর্বোচ্চ দরদাতাকে লিখিতভাবে নির্দেশনা প্রদানের ৫ কর্ম দিবসের মধ্যে অবশিষ্ট পুরো টাকা ব্যাংকে জমা দিতে হবে ও পরবর্তী ৫ দিনের মধ্যে বাস অপসারণ করতে হবে। নিলাম কার্যক্রম সমাপ্ত হওয়ার পরে অবশিষ্ট ২ জন দরদাতাকে পূর্বের জমাকৃত ৫০০০/- ফেরত দেওয়া হবে।

৬। ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ, বাংলাদেশ (ইএসসিবি) কর্তৃপক্ষ, যে কোন সময় কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম বাতিল বা যে কোন প্রকার পরিবর্তন, পরিবর্ধন করার ক্ষমতা রাখে।

৭। যেকোন প্রয়োজনে যোগাযোগঃ ০১৭১৭-৪৯৬০৩০, অথবা ০১৭১৭-৬৬০৬২০



ড তাওহীদ হাসান,

সদস্য সচিব, নিলাম কমিটি এবং ফ্যাকাল্টি ট্রেনার ও
ইউনিট হেড, প্রকিউরমেন্ট ইউনিট, ইএসসিবি।